SHANTO-MARIAM UNIVERSITY OF CREATIVE TECHNOLOGY

Course Title: Illustration for Communication
Course Code: ILL5204
Teacher: Rafat Ahmed Badhon

Story & Illustration: Abu Saleh Mohammad Kawsar
ID: 242131007
Batch: First
Semester: 2nd
Course: MA in GDM (2 Year)

Department of Graphic Design & Multimedia





## লেখক পরিচিতি

আবু সালেহ মোহাম্মদ কাউসার বাংলাদেশের বিজ্ঞাপন ও চলচ্চিত্র শিল্পে একটি পরিচিত নাম। তিনি Studio Tik Tok-এর প্রতিষ্ঠাতা ও প্রধান CGI আর্টিস্ট হিসেবে দীর্ঘদিন ধরে কাজ করে আসছেন। CGI ও VFX -এর ক্ষেত্রে তাঁর সৃজনশীল কর্মকাণ্ড বাংলাদেশের বিভিন্ন টেলিভিশন বিজ্ঞাপন ও চলচ্চিত্রে বিশেষভাবে প্রশংসিত হয়েছে।

বর্তমানে তিনি Shanto-Mariam University of Creative Technology (SMUCT)-এ MA in Graphic Design & Multimedia (2 Year) প্রোগ্রামে অধ্যয়নরত আছেন। একাডেমিক কোর্স, "Illustration for Communication" (শিক্ষক: রাফাত আহমেদ বাঁধন)-এর অংশ হিসেবে তিনি প্রথমবারের মতো শিশুদের জন্য ইলাস্ট্রেটেড বই "ফুলি" প্রকাশ করেছেন।

চলচ্চিত্র, ভিজ্যুয়াল স্টোরিটেলিং এবং শিশুদের চোখ দিয়ে পৃথিবীকে নতুনভাবে দেখা-এসবই তাঁর কাজের মূল অনুপ্রেরণা। নিজের প্রোডাকশন হাউস এর মাধ্যমে তিনি কাহিনীচিত্র ও স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মানেও যুক্ত আছেন।

ফুলি তাঁর কাছে কেবল একটি একাডেমিক প্রজেক্ট নয়, বরং শিশুদের জন্য রঙ, স্বপ্ন ও আশায় ভরা শৈশবকে উপহার দেওয়ার একটি ছোট প্রয়াস।

## উৎসর্গ

রেজা আসাদ আল হুদা অনুপম স্যার-যার জাদুকরী শৈল্পিক মন্ত্রে আমাদের পেন্সিলগুলো জীবন্ত হয়ে ওঠে।
নাজমুন নাহার কেয়া ম্যাম-আঁকিবুকি গুলো ডানা মেলে উড়ে যাক, স্কেচবুক থেকে সিলভার স্ক্রীণে।
রাফাত আহমেদ বাঁধন স্যার-ঠিক কিভাবে আমাদের দিয়ে, আস্ত একটা ইলাস্ট্রেশন বই আঁকিয়ে নিয়েছেন, তা এক বিশাল রহস্য।
আফরোজা হোসাইন সারা আপু-যার এ্যানিমেশন ওয়ার্কশপ খুলে দিয়েছে স্বপ্নের নতুন দিগন্ত।

সহধর্মিনী জান্নাত আরা তামান্না-যার সাথে দৈনন্দিন কথোপকথন মানেই নতুন নতুন গল্পের সূচনা।
একমাত্র সন্তান জান্নাতুল ফেরদৌস জারা-যার জগতে রঙের কোন শেষ নেই...
আমার আব্বু, আম্মু, ছোট ফুপি ও ছোট মামা-অসম্ভব সুন্দরএকটি শৈশব উপহার দেবার জন্য।

এবং পৃথিবীর সকল শিশু - তাদের প্রত্যেকের শৈশবই যেন হয় রঙিন, সুন্দর আর মমতায় ঘেরা।


## কৃতজ্ঞতা

**শ্রদ্ধেয় শিক্ষকমণ্ডলী:**
মো: সাইফুল ইসলাম স্যার, শাহাবুদ্দিন স্যার, মন্টু স্যার, সানোয়ার স্যার, রবিউল স্যার, মাহাবুব স্যার, তারিক স্যার, ডিবেন্দু স্যার, মুশফকি রণো স্যার সহ জিডিএম বিভাগের সকল শিক্ষক এবং নাঈমা ম্যাম।

**অনুপ্রেরণা:**
টিটো রহমান ভাই (কপিরাইটার ও বিজ্ঞাপন নির্মাতা, গল্পলোক এবং প্রাণ-আরএফএল গ্রুপ),
অনম বিশ্বাস দাদা (লেখক ও চলচ্চিত্র নির্মাতা, টীম ইয়োলো প্রোডাকশন),
মেজবাউর রহমান সুমন ভাই (লেখক, চিত্রশিল্পী ও চলচ্চিত্র নির্মাতা, ফেসকার্ড প্রোডাকশন),
মাসউদ যাকারিয়া সাবিন ভাই (লেখক, বিজ্ঞাপন ও চলচ্চিত্র নির্মাতা, প্রাণ-আরএফএল গ্রুপ),
শামীম খান (বিজ্ঞাপন নির্মাতা, জাংগল ফিল্মস), কুসুম সিকদার (চলচ্চিত্র অভিনেত্রী) এবং মিডিয়া ও সোশ্যাল মিডিয়ার একগাদা শিল্পী বন্ধু...

**সহকর্মীবৃন্দ:** এ.কে আজাদ নোবেল ভাই ও রাফায়েত হোসেন রিজভী (স্টুডিও টিক টক টীম), মাহফুজুল হক আশিক (ভিডিও এডিটর, প্রাণ আরএফএল গ্রুপ), খায়ের খন্দকার (ডিওপি), মোস্তাফিজ শিমুল (ডাবল ওয়ান), শিমুল চন্দ্র বিশ্বাস (লাইন প্রোডিউসার, ফেসকার্ড), সজল অলক (ভিডিও এডিটর, ফেসকার্ড), জোবায়দুর রহমান (চলচ্চিত্র পরিচালক)

**সহপাঠী:** হৃদয় ভাই, ইলিয়াস ভাই, শাকিল ভাই, সঞ্চিতা দিদি, হাফিজ ভাই, ফয়সাল ভাই, রবিউল ভাই, জুয়েল ভাই, পুলক ভাই সহ মাস্টার্স ১ম ও ২য় ব্যাচের সকল সহপাঠীবৃন্দ।
প্রিয় বন্ধুবর্গ: শান্ত, সোহেল, আরিফ(প্রয়াত), হাসিব, রানা, রাসেল, মাসুম, সুমেল, শহিদুল, শিপন, তনয়, রাজীব, হিরো সহ আরও হাজারখানেক প্রাণী...

झुलि



ফুলি...

খাটের তলায় লুকায়া লাভ নাই!

তোর **বাপ** আহনের সময় হয়া গেছে...

যা, মা.. তোর ঘরে যা...



আসুক . . .
আইজকা আমি যামুনা . . .



হঠাৎ, ধরাম করে দরজা খুলে ঘরে ঢোকে

ফুলির বাবা,

“দরজা খুলতে এতো সময় লাগে ক্যান?”



ফুলিকে দেখা মাত্রই ক্রুদ্ধ হয়ে তেড়ে আসে, সে...
“রাক্ষুসী মাইয়া, তুই আবার আইছোস?”



ফুলির জন্মের সময় অনেক বড় একটা দুর্ঘটনা ঘটে।
যার ফলে, ফুলির আর কোনদিনও ছোট ভাই/বোন আসবে না...
রুস্তম এ ঘটনার জন্য ফুলিকেই দায়ী করে, তাই সহ্য করতে পারে না।
ফুলিকে খাটের নীচ থেকে বের করতে এগিয়ে গেলে,
ফুলির **মা** পথ আগলে দাড়ায়। তাকেও মারতে উদ্ধত হয় **রুস্তম**।
এটা দেখে,
বিছানার নিচ থেকে দ্রুত বেড়িয়ে আসে ফুলি।
রুস্তমকে **ধাক্কা** মেরে ঘর থেকে বেড়িয়ে চলে যায় সে।



মন খারাপ হলেই সে কারেন্টের খুটি বেয়ে চালে উঠে বসে থাকে।
আজও ঘরের চালে বসে আপনমনে চাঁদের দিকে তাকিয়ে থাকে সে।
শহরটাকে তার, দেয়াল ঘেরা জঞ্জালের সমুদ্র বলে মনে হয়।



এমন সময়, হঠাৎ,
খসে পরে একটি তারা...



ফুলি, সাথে সাথে দু'হাত জোড় করে মানত করে,
“একটা ছোট ভাই, একটা ছোট ভাই....”

রাত পেরিয়ে ভোর হয়।
ফুলি ঘুম ভেঙ্গে দেখে,
তার কোলে একটা গুড়াদুধের ডিব্বা...





হাতে নিয়ে ভালো করে খুঁটিয়ে খুঁটিয়ে দেখতে থাকে সে।
হঠাৎ কোথায় যেনো চাপ লেগে, জীবন্ত হয়ে ওঠে সেটি...
ডিব্বা থেকে বেড়িয়ে আসে, দু'টি হাত পা...



চিৎকার করে বলে ওঠে...

"হ্যালো, ফুলি আপু।

আমি তোমার ছোট ভাই, আব্দুল।"